online copy

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর ৪/এস/১৮/২৪৬৯ তারিখ ০৮/১২/২০২১

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা, বাংলাদেশ

**বিষয় ঃ শ্রেণি শাখা খোলার লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৫.০০১.১৭.৫৩৯ তারিখ- ২৪/১০/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পাবনা জেলার সুজানগর উপজেলাধীন **"কাদোয়া উচ্চ বিদ্যালয়"**-এর ৬ষ্ঠ শ্রেণিতে 'খ' শাখা ০১ (এক) টি, ৭ম শ্রেণিতে 'খ' শাখা ০১ (এক) টি ও ৮ম শ্রেণিতে 'খ' শাখা ০১ (এক) টি সর্বমোট ০৩ (তিন) টি অতিরিক্ত শ্রেণি শাখা খোলার লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের ছক মোতাবেক প্রদত্ত তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

০৭/১২/২১

(প্রফেসর মোঃ হাবিবুর রহমান)
আই ডি নং- ৪৫৬০
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## অতিরিক্ত শ্রেণি শাখা খোলার জন্য পরিদর্শন প্রতিবেদন

০১। প্রতিষ্ঠানের EIIN : ১৩৪৮০৮

০২। ই-মেইল ঠিকানা : kadoahighschool2008@gmail.com

০৩। চেয়ারম্যান মহোদয়ের আদেশের তারিখ : ১৭/১১/২০২১ খ্রিঃ

০৪। পরিদর্শনের তারিখ : ২০/১১/২০২১ খ্রিঃ

০৫। পরিদর্শনের উদ্দেশ্য : ৬ষ্ঠ শ্রেণিতে 'খ', ৭ম শ্রেণিতে 'খ' ও ৮ম শ্রেণিতে 'খ' অতিরিক্ত শ্রেণি শাখা খোলার যথার্থতা যাচাই

০৬। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : **কাদোয়া উচ্চ বিদ্যালয়**
ডাকঘর- কাদোয়া, উপজেলা- সুজানগর, জেলা- পাবনা

০৭। প্রতিষ্ঠানের অবস্থান : মফস্বল এলাকা

০৮। প্রথম স্বীকৃতির তারিখ : ২৩/০৫/২০১৯ খ্রিঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানপ্রাপ্ত, একাডেমিক স্বীকৃতি হয়নি

০৯। স্বীকৃতির মেয়াদ : প্রযোজ্য নয়

১০। কমিটি মেয়াদ : ১১/০৯/২০২২ খ্রিঃ (নির্বাহী কমিটি)

১১। কমিটির সুপারিশ আছে কিনা : হ্যাঁ আছে, তারিখ- ৩১/০৮/২০২১ খ্রিঃ

১২। শিক্ষক কর্মচারীর তথ্য :

| পুরুষ শিক্ষক | মহিলা শিক্ষক | মোট শিক্ষক | এমপিও ভূক্ত শিক্ষক | এমপিও বর্হিভূত শিক্ষক | মোট কর্মচারী |
|---|---|---|---|---|---|
| ০৪ জন | ০২ জন | ০৬ জন | ০৫ জন | ০১ জন | ০৩ জন |

১৩। কাম্য ভৌত অবকাঠামো ও আসবাবপত্র আছে কিনা : হ্যাঁ।

১৪। শিক্ষার্থীর তথ্য :

| শ্রেণি | অনুমোদিত শাখা | প্রার্থীত শাখা | শিক্ষার্থী সংখ্যা (ভর্তি রেজিষ্টার অনুযায়ী) | পরিদর্শনের দিন উপস্থিত শিক্ষার্থী সংখ্যা | সুপারিশ |
|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ-ক শাখা | 'ক' শাখা | - | ৪৫ জন | ৩৯ জন (২০/১১/২০২১ তারিখের উপস্থিতি) | - |
| ৬ষ্ঠ-খ শাখা | - | 'খ' শাখা | ৫০ জন | ৪৫ জন (২০/১১/২০২১ তারিখের উপস্থিতি) | 'খ' শাখা দেয়া যায় |
| ৭ম-ক শাখা | 'ক' শাখা | - | ৪৫ জন | ৩১ জন (১৮/১১/২০২১ তারিখের উপস্থিতি) | - |
| ৭ম-খ শাখা | - | 'খ' শাখা | ৬১ জন | ৫২ জন (১৮/১১/২০২১ তারিখের উপস্থিতি) | 'খ' শাখা দেয়া যায় |
| ৮ম-ক শাখা | 'ক' শাখা | - | ৪৫ জন | ৩২ জন (১৮/১১/২০২১ তারিখের উপস্থিতি) | - |
| ৮ম-খ শাখা | - | 'খ' শাখা | ৬১ জন | ৩৪ জন (১৮/১১/২০২১ তারিখের উপস্থিতি) | 'খ' শাখা দেয়া যায় |
| ৯ম-ক শাখা | 'ক' শাখা | - | ১১০ জন | ৭৪ জন (২০/১১/২০২১ তারিখের উপস্থিতি) | - |
| ১০ম-ক শাখা | 'ক' শাখা | - | ৯৪ জন | ৬৪ জন (২০/১১/২০২১ তারিখের উপস্থিতি) | - |

◈ সাধারণভাবে প্রতিষ্ঠানে প্রতি শ্রেণিতে 'ক' শাখা অনুমোদিত ধরে নিতে হবে

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ...............

০৫/১২/২০২১

১৫। (ক) বিগত ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষার ফলাফল ঃ

| পরীক্ষার সাল | শিক্ষার্থীর সংখ্যা | পরীক্ষার্থীর সংখ্যা | পাসের সংখ্যা | পাসের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২০১৮ | ৯৬ জন | ৮২ জন | ৭৮ জন | ৯৫.১২% | -- |
| ২০১৯ | ১২২ জন | ১১০ জন | ১০৬ জন | ৯৬.৩৬% | -- |
| ২০২০ | ৯৫ জন | ১০০ জন (অনিয়মিত ০৫ জন) | ১০০ জন | ১০০% | অটোপাস |

(খ) বিগত ০৩ (তিন) বছরের এস.এস.সি পরীক্ষার ফলাফল ঃ

**২০১৯ সালে মাধ্যমিক পর্যায়ে পাঠদান প্রাপ্তির পর এই বিদ্যালয়ের শিক্ষার্থীরা ২০২১ সালে প্রথমবার এস.এস.সি পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষার ফলাফল এখনও প্রকাশিত হয়নি।**

১৬। লাইব্রেরীতে বইয়ের সংখ্যা ঃ পৃথক লাইব্রেরী আছে, বই সংখ্যা- ১২০০ খানা।

১৭। পার্শ্ববর্তী বিদ্যালয়ের উপর নেতিবাচক প্রভাব পড়বে কিনা ? ঃ না, নেতিবাচক প্রভাব পড়বে না।

১৮। প্রতিষ্ঠানে সুষ্ঠু একাডেমিক পরিবেশ আছে কিনা ? ঃ হ্যাঁ, সুষ্ঠু একাডেমিক পরিবেশ বিদ্যমান আছে।

১৯। সার্বিক মন্তব্য ও সুপারিশ ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৫.০০১.১৭.৫৩৯ তারিখ- ২৪/১০/২০২১ খ্রিঃ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখের আদেশক্রমে পাবনা জেলার সুজানগর উপজেলাধীন **কাদোয়া উচ্চ বিদ্যালয়-এর** ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে অতিরিক্ত শ্রেণি শাখা খোলার যথার্থতা যাচাইয়ের জন্য ২০/১১/২০২১ খ্রিঃ তারিখ সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। বিদ্যালয়টির ভৌত অবকাঠামো ভাল এবং মানসম্মত শিক্ষার পরিবেশ বিদ্যমান আছে। বিদ্যালয়ের লেখাপড়ার মান ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক। প্রতিষ্ঠানটিতে প্রয়োজনমত শ্রেণি কক্ষ, পাঠদানের মানসম্মত পরিবেশ, কাম্য সংখ্যক ছাত্র/ছাত্রী ও পার্শ্ববর্তী বিদ্যালয়গুলিতে নেতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা না থাকায় ও শিক্ষার হার সম্প্রসারণের লক্ষ্যে ৬ষ্ঠ শ্রেণিতে 'খ' শাখা ০১ (এক) টি, ৭ম শ্রেণিতে 'খ' শাখা ০১ (এক) টি ও ৮ম শ্রেণিতে 'খ' শাখা ০১ (এক) টি সর্বমোট ০৩ (তিন) টি অতিরিক্ত শ্রেণি শাখা খোলার প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

অতএব, চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে পরিদর্শন প্রতিবেদন সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল।

০৫/১২/২০২১

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
আই ডি নং- ৮৬০১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।